



বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ  
সম্পত্তি ব্যবস্থাপনা বিভাগ  
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯  
[www.caab.gov.bd](http://www.caab.gov.bd)



নথি নং-৩০.৩১.০০০০.২৩১.০১.০১১.১৯/৪৮৬

তারিখ: ০৮/০৩/২০২৪খ্রিঃ

**“ইজারা দরপত্র বিজ্ঞপ্তি”**

কুর্মিটোলা আবাসিক এলাকাস্থ জলাশয় নং-১০ ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তি/ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠান/সংস্থার নিকট হতে নিম্নবর্ণিত শর্তে ইজারা দরপত্র আহবান করা যাচ্ছে:

ক্রমিক নং	জলাশয় নম্বর	জলাশয়ের পরিমাপ	জলাশয়ের চৌহদ্দি
০১।	জলাশয় নং-১০	আয়তন ৪৫,০০০ বর্গফুট (প্রায়)	কুর্মিটোলা আবাসিক এলাকাস্থ জলাশয় নং-১০ (উত্তরে- ০৯ নং জলাশয়, দক্ষিণে- সিএএবি'র রাস্তা, পূর্বে-উট্টু জায়গা, পশ্চিমে- সিএএবি'র রাস্তা ও আমবাগান)।
০২।	ইজারার মেয়াদ	:	ইজারা স্থল হস্তান্তরের তারিখ হতে নাবায়নের শর্তে প্রাথমিকভাবে ০৩(তিন) বছর (আর্থিক সন বিবেচনায়); যা ইজারানীতিমালা, ২০১৯ অনুযায়ী নবায়নযোগ্য।
০৩।	প্রতি সেট ইজারা দরপত্রের নির্ধারিত মূল্য	:	৫০০/- (পাঁচশত) টাকা+ভ্যাট (অফেরতযোগ্য)।
০৪।	নির্ধারিত আর্নেস্ট মানি	:	আর্নেস্ট মানি হিসেবে বাংলাদেশের যে কোন তফশীলি ব্যাংক হতে বার্ষিক উদ্ধৃত দরের ১০% (শতকরা দশ ভাগ) হারে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নির্বাহী পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা'র অনুকূলে জমা করে ইজারা দরপত্রের সহিত দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
০৫।	কর্তৃপক্ষের ন্যূনতম গড় ইজারামূল্য (বার্ষিক)	:	১,৫০,৭৯৬/- (এক লক্ষ পঁয়ত্রিশ হাজার সাতশত ছিয়ানব্বই) টাকা।
০৬।	ইজারা দরপত্র বিক্রয়ের স্থান	:	অফিস চলাকালীন সময়ে নিম্নবর্ণিত স্থানসমূহ হতে ইজারা দরপত্র সিডিউল ক্রয় করা যাবে: (ক) পিএ টু সদস্য (পরিঃ ও পরিঃ), সিএএবি, সদর দপ্তর, ঢাকা। (খ) পিএ টু প্রধান প্রকৌশলী, সিএএবি, সদর দপ্তর, ঢাকা। (গ) নির্বাহী পরিচালক, হাশাআবি'র, হিসাব/রাজস্ব শাখা, কুর্মিটোলা, ঢাকা। (ঘ) হিসাব শাখা, সিএএবি, সদর দপ্তর, ঢাকা। (ঙ) সম্পত্তি ব্যবস্থাপনা বিভাগ, সিএএবি, সদর দপ্তর, ঢাকা।
০৭।	ইজারা দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময়	:	০৩/০৪/২০২৪খ্রিঃ অফিস চলাকালীন সময়ে।
০৮।	দরপত্র দাখিলের স্থান তারিখ ও সময়	:	পরিচালক (সম্পত্তি ব্যবস্থাপনা) এর দপ্তর, ৬ষ্ঠ তলা (5 <sup>th</sup> Floor), নতুন সদর দপ্তর, সিএএবি, ঢাকা। তারিখঃ ০৪/০৪/২০২৪খ্রিঃ সময়ঃ ১২:০০ ঘটিকা পর্যন্ত।
০৯।	ইজারা দরপত্র খোলার স্থান, তারিখ ও সময়	:	পরিচালক (সম্পত্তি ব্যবস্থাপনা) এর দপ্তর, ৬ষ্ঠ তলা (5 <sup>th</sup> Floor), নতুন সদর দপ্তর, সিএএবি, ঢাকা। তারিখঃ ০৪/০৪/২০২৪খ্রিঃ সময়ঃ ১২:৩০ ঘটিকায় দরদাতাগণ অথবা তাদের প্রতিনিধির সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) ইজারা দরপত্র খোলা হবে।

অন্যান্য শর্তাবলী : (ক) ব্যক্তি/নিজ সংস্থা/প্রতিষ্ঠানের লেটার হেড প্যাডে ইজারা দরপত্র ক্রয়ের জন্য আবেদন করতে হবে। (খ) সীলমোহরকৃত খামের উপর কাজের নাম সুস্পষ্টভাবে লিখে ইজারা দরপত্র দাখিল করতে হবে। (গ) ইজারা দরপত্রের শর্তাবলী প্রযোজ্য হবে। (ঘ) অনিবার্য কারণবশত: অফিস বন্ধ থাকলে পরবর্তী প্রথম কার্যদিবসে একই সময়ে দরপত্র অনুষ্ঠিত হবে। (ঙ) কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকে ইজারা দরপত্র গ্রহণ বা আংশিক বাতিল বা সম্পূর্ণ ইজারা দরপত্র বাতিল করার সর্বময় ক্ষমতা সংরক্ষণ করে। (চ) বিস্তারিত শর্তাবলী দরপত্র সিডিউল হতে জানা যাবে, এছাড়া সিএএবি'র ওয়েবসাইট ([www.caab.gov.bd](http://www.caab.gov.bd)) হতে বিস্তারিত জানা যাবে।

০৪৬

(ইসরাত জাহান পাণ্ডা)  
পরিচালক (সম্পত্তি ব্যবস্থাপনা)